

পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের ভারসাম্য আলোচনা কর। (স্বল্পকালীন ও দীর্ঘকালীন)


উঃ পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে স্বল্পকালে ফার্ম ৩ ভাবে ভারসাম্য অর্জন করতে পারে। যথা:

১. লাভসহ ভারসাম্য
২. লোকসানসহ ভারসাম্য
৩. স্থির বা স্বাভাবিক ভারসাম্য

ভারসাম্য শর্ত: ১. $MR = MC$ ২. MC রেখা নিচের দিক হতে MR রেখাকে ছেদ করে।

উপরোক্ত শর্তের ভিত্তিকে ফার্মের স্বল্পকালীন ৩ ধরনের ভারসাম্য নিম্নে আলোচনা করা হল।

***লাভসহ ভারসাম্য:** স্বল্পকালে ফার্মের মোট ব্যয় থেকে মোট আয় বেশি হলে ফার্ম লাভসহ ভারসাম্য অর্জন করে। নিম্নে বিষয়টি চিত্রের সাহায্যে ব্যাখ্যা করা হল:



চিত্রে e হচ্ছে ভারসাম্য বিন্দু যেখানে ভারসাম্যের ২টি শর্তই পালিত হয়েছে। OM হচ্ছে ভারসাম্য উৎপাদন, OM পরিমাণ উৎপাদন হতে,

$$\text{মোট আয় (TR)} = OMeP$$

$$\text{মোট ব্যয় (TC)} = OMKL$$


$$\therefore \text{লাভ } (\pi) = TR - TC$$

$$= OMeP - OMKL$$

$$= LKeP$$

অর্থাৎ ফার্ম $LKeP$ পরিমাণ লাভসহ ভারসাম্য অর্জন করবে।

***লোকসানসহ ভারসাম্য:** স্বল্পকালে ফার্মের মোট ব্যয় থেকে মোট আয় কম হলে ফার্ম লোকসান সহ ভারসাম্য অর্জন করে।



চিত্রে e হলো ভারসাম্য বিন্দু ও OM হলো ভারসাম্য উৎপাদন।

$$\text{মোট আয় (TR)} = OMeP$$

$$\text{মোট ব্যয় (TC)} = OMKL$$


$$\therefore \text{লাভ } (\pi) = TR - TC$$

$$= OMeP - OMKL$$

$$= PeKL$$

* স্থির ভারসাম্য: স্বল্পকালে ফার্মে $TR = TC$ হলে ফার্ম স্বাভাবিক বা স্থির ভারসাম্য অর্জন করে।

বিষয়টি নিম্নে চিত্রের সাহায্যে ব্যাখ্যা করা হল:



চিত্রে e হলো ভারসাম্য বিন্দু ও OM হলো ভারসাম্য উৎপাদন।

$$\text{মোট আয় (TR)} = OMeP$$

$$\text{মোট ব্যয় (TC)} = OMeP$$

$$\therefore \text{লাভ } (\pi) = TR - TC$$

$$= OMeP - OMeP$$

∴ ফার্মের মোট আয় = মোট ব্যয় = $OMeP$

অর্থাৎ ফার্ম স্বল্পকালে স্থির মুনাফা অর্জন করে।